# সম্প্রীতি

মে,২০২২

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইক্যং, হ্নীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।


### কুতুপালং বাজার ব্যবস্থাপনা কমিঠির সভা সম্পন্ন

## কুতুপালং বাজারে স্থানীয় এবং রোহিঙ্গাদের মধ্যে শান্তির্পূণ সম্পর্ক বজায় রাখতে কাজ করছে বাজার ব্যবস্থাপনা কমিঠি



*রাজাপালং ইউনিয়নের ৯নং ওয়ার্ড সদস্য হেলাল উদ্দিন বাজারের সার্বিক পরিস্থিতি নিয়ে সভায় কথা বলেন। ছবি-মো: শাহজাহান।*

কোস্ট ফাউন্ডেশন, ইউএনএইচসিআর-এর সহায়তায় পরিচালিত সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় কুতুপালং বাজার ব্যবস্থাপনা কমিঠির সভা অনুষ্ঠিত হয়। গত ১৩ এপ্রিলে অনুষ্ঠিত সভায় স্থানীয় ইউপি সদস্য হেলাল উদ্দিন এর সভাপতিত্বে বাজার ব্যবস্থাপনা কমিঠির সকল সদস্যসহ মোট ২১জন উপস্থিত ছিলেন। সভায় রোহিঙ্গাদের কুতুপালং বাজারে আসা যাওয়া, উভয়ের মধ্যে শান্তির্পূন সহাবস্থান, মানবাধিকার এবং বাজারে উভয় জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান সমস্যা ও তা নিরসনে করনীয় বিষয়ে আলোচনা হয়।

সভা আয়োজনের পূর্বে প্রকল্পের কর্মীরা কুতুপালং বাজারে একটি জরিপ পরিচালনা করে। স্থানীয় এবং রোহিঙ্গা ক্ষুদ্র ও ভাসমান ব্যবসায়ী, ভোক্তা, স্থানীয় ইউপি সদস্য, স্থানীয় জনগনসহ বিভিন্ন মানুষের উপর পরিচালিত জরিপ থেকে কুতুপালং বাজারে রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীর বিদ্যমান সম্পর্ক বিষয়ে একটি সার্বিক চিত্র পাওয়া যায়। এছাড়া পরিচালিত জরিপ থেকে রোহিঙ্গা এবং স্থানীয়দের মধ্যে বিদ্যমান কিছু সমস্যা চিহ্নিত করা হয়, যা পরবর্তীতে সভায় বাজার ব্যবস্থাপনা কমিঠির সদস্যদের সামনে উপস্থাপন করা হয়।

প্রত্যাবাসনের আগ পর্যন্ত উভয় জনগোষ্ঠীর মধ্যে শান্তির্পূণ সহাবস্থান বজায় রাখতে সচেতনতা বৃদ্ধিমুলক কাযক্রমের অংশ হিসেবে আয়োজিত এই সভায় বক্তারা শান্তির্পূন সহাবস্থান, মানবাধিকারের পাশাপাশি রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের উপর গুরুত্ব আরোপ করেন। এই সময় বক্তারা বাজারে আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং ট্রাফিক ব্যবস্থা স্বাভাবিক রাখতে উপজেলা প্রশাসনের দৃষ্টি আর্কষণ করেন।

কুতুপালং বাজার ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং স্থানীয় ইউপি সদস্য হেলাল উদ্দিন বলেন, "রোহিঙ্গারা অধিকার বঞ্চিত এবং মানবেতর জীবনযাপন করছে এইটা যেমন বিবেচ্য ঠিক তেমনি রোহিঙ্গাদের কারনে স্থানীয়দের অসুবিধাসমুহও বিবেচ্য। এই দুই বিষয়ে আমাদের সমানভাবে গুরুত্ব দিতে হবে। যদি এই দুটি বিষয়ে ভারসাম্য রক্ষা না করা যায় তাহলে উভয় জনগোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব সংঘাত হওয়ার সম্ভাবনা তৈরি হবে"



***"রোহিঙ্গারা আমার দোকানে আসে, বাজার করে চলে যায়। মাঝে মধ্যে অনেক কারনে বাজারে মারামারি, ঝগড়া ইত্যাদি হয়। রোহিঙ্গাদের ও স্থানীয়দের মধ্যে হয়, নিজেদেও মধ্যেও হয়। এসব আমরা দোকানীরা বসে সমাধান করে ফেলি। সময়ের সাথে সাথে উভয় জনগোষ্ঠীর মধ্যে সম্পর্ক খারাপ হচ্ছে। সম্পর্ক যাতে বেশি খারাপের দিকে না যায় এবং উভয়ের মধ্যে শান্তির্পূণ সম্পর্ক বজায় রাখতে কোস্টের পাশাপাশি আরো এনজিওর কাজ করা উচিত"***

**নুরুল আমিন, পাইকারী ব্যবসায়ী।**

কুতুপালং বাজারে রোহিঙ্গা এবং স্থানীয়দের মধ্যে বিদ্যমান সমস্যা এবং করনীয় বিষয় নির্ধারনে একটি জরিপ চালানো হয়। মোট ৩০ জন স্থানীয় এবং রোহিঙ্গা এতে অংশগ্রহন করেন। এক স্থানীয় পাইকারী ব্যবসায়ী বলেন "রোহিঙ্গারা আমার দোকানে আসে, বাজার করে চলে যায়। মাঝে মধ্যে অনেক কারনে বাজারে মারামারি, ঝগড়া ইত্যাদি হয়। রোহিঙ্গাদের ও স্থানীয়দের মধ্যে হয়, নিজেদেও মধ্যেও হয়। এসব আমরা দোকানীরা বসে সমাধান করে ফেলি। সময়ের সাথে সাথে উভয় জনগোষ্ঠীর মধ্যে সম্পর্ক খারাপ হচ্ছে। সম্পর্ক যাতে বেশি খারাপের দিকে না যায় এবং উভয়ের মধ্যে শান্তির্পূণ সম্পর্ক বজায় রাখতে কোস্টের পাশাপাশি আরো এনজিওর কাজ করা উচিত"



### স্থানীয় ধর্মীয় নেতাদের সচেতনতা বৃদ্ধিমূলক সেশন সম্পন্ন

**“ধর্মীয় শিক্ষাকে ধারন করলে কোন বিশৃঙ্খলা বা অশান্তি তৈরি হয়না, কারন সকল ধর্মে শান্তি, সুসম্পর্ক এবং মানুষের অধিকারের কথা বলা হয়েছে”–আশীষ কুমার, ধর্মীয় শিক্ষক**




*সভায় রোহিঙ্গাদের সাথে শান্তিপূর্ণ সহাবস্থান বিষয়ে কথা বলছেন বৌদ্ধ ধর্ম শিক্ষক বিমল বড়ুয়া । ছবি–আহমেদ উল্লাহ*

কোস্ট ফাউন্ডেশন এপ্রিল ২০২২ এ স্থানীয় ৩০ জন ধর্মীয় নেতাদের সাথে ধর্মীয় দৃষ্টিকোনের আলোকে শান্তিপূর্ণ সহাবস্থান, সম্প্রীতি এবং মানুষের অধিকার বিষয়ে সাধারন জনগনকে সচেতন করতে করনীয় বিষয়ে দুটি সভার আয়োজন করে। মানবাধিকার, সামাজিক সংযোগ এবং সামাজিক শান্তি নিয়ে ধর্মীয় নেতাদের সচেতন করা এবং ধর্মীয় অনুষ্ঠানে সাধারণ মানুষদের সচেতন করার উদ্দেশ্যে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণকারীরা মানবাধিকার, সামাজিক সংযোগ এবং এর উন্নতির উপায় নিয়ে আলোচনা করেন। এছাড়া রোহিঙ্গা ইস্যুতে সামাজিক শান্তি ও সামাজিক সুরক্ষা উন্নয়নে দিকর্নির্শেনা প্রদান করেন।
হোয়্যইকেং প্রকল্প অফিসে অনুষ্ঠিত সভায় আলী আছিয়া উচ্চবিদ্যালয়ে হিন্দু ধর্মের শিক্ষক আশীষ কুমার বলেন “ধর্মীয় শিক্ষাকে ধারন করলে কোন বিশৃঙ্খলা বা অশান্তি তৈরি হয়না, কারন সকল ধর্মে শান্তি, সুসম্পর্ক এবং মানুষের অধিকারের কথা বলা হয়েছে”।

**কাজের লক্ষ্যমাত্রা ও অর্জন, এপ্রিল ২০২২**

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| বাজার ব্যবস্থাপনা কমিঠির সভা | ১ | ১ |
| ধর্মীয় নেতাদের সভা | ২ | ২ |
| যুব ক্লাবের পরিকল্পনা সভা | ৩ | ৩ |
| নিড এসেসমেন্ট সুপারিশ সংগ্রহ | ৫ক্যাম্প | ৩ ক্যাম্প |

## ২০২২ সালে সামাজিক সংযোগ প্রকল্প বাস্তবায়নে ক্যাম্প ১ ইস্ট, ১ ওয়েস্ট এবং ২৬ এর ক্যাম্প ইনচার্জ মহোদয়গন নিড এসেসমেন্ট পত্রে সুপারিশ করেছেন

### স্থানীয় যুব ক্লাবের সাথে ত্রৈমাসিক পরিকল্পনা সভা

**সামাজিক কার্যক্রমে যুব অংশগ্রহন বৃদ্ধিতে এবং শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে যুব ক্লাবের সদস্যদের উদ্বুদ্ধ করতে কোস্টের সামাজিক সংযোগ প্রকল্প কাজ করছে**



*পরিকল্পনা সভা শেষে প্রত্যাশা ক্লাবের সদস্যরা। ছবি–শাহাজাহান*

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় ১৬, ১৯ এবং ২৪ এপ্রিল, ২০২২ তারিখে উখিয়া এবং টেকনাফ উপজেলার তিনটি স্থানীয় ক্লাব সদস্যদের সাথে ত্রৈমাসিক পরিকল্পনা সভার আয়োজন করে। প্রত্যাশী, দমদমিয়া যুব কল্যান সমিতি এবং লম্বাবিল ক্রীড়া পরিষদ এর ৩টি পৃথক সভায় মোট ৯০ জন ক্লাব সদস্য সভায় উপস্থিত ছিলেন। সভায় প্রতিটি ক্লাব তাদের ভবিষ্যতের সামাজিক কাজের পরিকল্পনা তুলে ধরেন। পাশাপাশি সামাজিক সংহতি উন্নয়নে তারা কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে সে বিষয়েও তুলে ধরা হয়। প্রকল্পের কর্মী এবং ক্লাবের উভয় সদস্যই চ্যালেঞ্জগুলি মোকাবেলা এবং এর সমাধানে করনীয় বিষয়ে একটি কর্মপরিকল্পনা করেন। এছাড়া প্রতিটি ক্লাব ২০২১ সালে তাদের সামাজিক এবং সেচ্ছসেবী কার্যক্রমের সামগ্রিক অর্জন তুলে ধরেন।

**প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য**

**কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার কেন্দ্র, ফোন:০৩৪১–৬৩১৮৬, মোবাইল:০১৭১৩–৩২৮৮২৭**

**ইমেইল: Jahangir.coast@gmail.com, ওয়েবসাইড:** www.coastbd.net